



বিটা থ্যালাসেমিয়া ভূমধ্যসাগরীয়,
মধ্যপ্রাচ্য, আফ্রিকান, দক্ষিণ এশীয়
(ভারতীয়, পাকিস্তানি ইত্যাদি),
দক্ষিণ-পূর্ব এশীয় এবং চীনা
বংশোদ্ভূতদের মধ্যে সবচেয়ে বেশি
দেখা যায়।

বিটা থ্যালাসেমিয়া ট্রেইট বা ট্রেইট
যুক্ত ব্যক্তির সাধারণত হালকা
রক্তস্বল্পতা ছাড়া অন্য কোনও স্বাস্থ্য
সমস্যা অনুভব করবেন না।

আপনার বিটা থ্যালাসেমিয়া
ট্রেইট থাকলেও আপনি এটি নাও
জানতে পারেন।



Cooley's Anemia Foundation
330 Seventh Avenue, #200 New York, NY 10001
(212) 279-8090 ফ্যাক্স (212) 279-5999

www.thalassemia.org

আপনি কি বিটা
থ্যালাসেমিয়া প্রলঙ্কনের
জন্য পরীক্ষা করিয়েছেন?

থ্যালাসেমিয়া হল রক্তের জিনগত ব্যাপ্তিশুলির একটি গোস্টীর নাম। মার্কিন যুক্তরাষ্ট্রে দুই মিলিয়নেরও বেশি মানুষের থ্যালাসেমিয়ার জিনগত ট্রেইট রয়েছে।

আপনিও হতে পারেন তাদের একজন।

আপনার বিটা থ্যালাসেমিয়া ট্রেইট আছে কিনা তা খুঁজে বের করার জন্য আপনার দুটি অত্যন্ত গুরুত্বপূর্ণ কারণ রয়েছে:

প্রথমত, যখন বিটা থ্যালাসেমিয়া ট্রেইটযুক্ত দুজনেরই একটি সন্তান হয়, তখন প্রতিটি গর্ভাবস্থায় চারজনের মধ্যে একজনের (25%) সম্ভাবনা থাকে যে শিশুটি গুরুতর রক্তের ব্যাপ্তি নিয়ে জন্মগ্রহণ করবে যার জন্য আজীবন রক্ত সঞ্চালন এবং ওষুধি চিকিৎসার প্রয়োজন হবে।

দ্বিতীয়ত, কিছু ডাক্তার বিটা থ্যালাসেমিয়া ট্রেইটকে অন্য অবস্থার সাথে ভুল করতে পারেন এবং আপনার জন্য ভুল চিকিৎসা নির্ধারণ করতে পারেন।

আপনার বিটা থ্যালাসেমিয়া ট্রেইট আছে কিনা তা খুঁজে বের করা সহজ।

আপনার বিটা থ্যালাসেমিয়া ট্রেইট আছে কিনা তা খুঁজে বের করার প্রথম পদক্ষেপ হল আপনার ডাক্তারকে আপনার লোহিত রক্তকণিকার আকার দেখতে বলা। এটি আপনার কমপ্লিট ব্লাড কাউন্ট (Complete Blood Count, CBC)-এর মিন কর্পাসকুলার ভলিউম (Mean Corpuscular Volume, MCV) দ্বারা দেখানো হয়। আপনার ডাক্তারের কাছে ইতিমধ্যেই ফাইলে আপনার CBC-এর একটি রেকর্ড থাকতে পারে।


যদি আপনার MCV রিডিং 75 এর কম হয় এবং আপনার আয়রনের ঘাটতি না থাকে, তাহলে আপনার বিটা থ্যালাসেমিয়া ট্রেইট থাকতে পারে। আপনার বিটা থ্যালাসেমিয়া ট্রেইট আছে কিনা তা নির্ধারণ করতে হিমোগ্লোবিন ইলেক্ট্রোফোরেসিস, পরিমাণগত হিমোগ্লোবিন A2 এবং পরিমাণগত হিমোগ্লোবিন F সহ অতিরিক্ত পরীক্ষা সমূহ করানো গুরুত্বপূর্ণ। এই পরীক্ষাগুলি আপনার ডাক্তার দ্বারা অর্ডার করা যেতে পারে।

থ্যালাসেমিয়া মানবদেহে কীভাবে প্রভাব ফেলে তা বোঝার জন্য প্রথমে রক্ত সম্পর্কে একটু বুঝতে হবে।


রক্ত আপনার ফুসফুস থেকে আপনার শরীরের অন্যান্য অংশে অক্সিজেন বহন করে। লোহিত রক্তকণিকার ভিতরে পাওয়া হিমোগ্লোবিন নামক প্রোটিন দ্বারা অক্সিজেন বহন করা হয়। হিমোগ্লোবিন আলফা এবং বিটা গ্লোবিন নামে দুটি ভিন্ন ধরণের প্রোটিন দিয়ে তৈরি।

বিটা গ্লোবিন দুটি জিন দ্বারা তৈরি, একটি প্রতিটি পিতামাতার কাছ থেকে শিশুর কাছে চলে যায়। যে ব্যক্তিদের মধ্যে অস্বাভাবিক বিটা গ্লোবিন জিন রয়েছে তাদের বিটা থ্যালাসেমিয়া ট্রেইট রয়েছে (বিটা থ্যালাসেমিয়া মাইনর নামেও পরিচিত)।

যদি...



পিতামাতা উভয়ই বিটা থ্যালাসেমিয়া ট্রেইট বহন করেন,



স্বাভাবিক
হিমোগ্লোবিন

বিটা থ্যাল
ট্রেইট

বিটা থ্যালাসেমিয়া ট্রেইটযুক্ত (মাইনর) ব্যক্তি কেবল বিটা থ্যালাসেমিয়ার জন্য জেনেটিক ট্রেইট বহন করেন এবং সাধারণত হালকা রক্তস্বল্পতা ছাড়া অন্য কোনও স্বাস্থ্য সমস্যা অনুভব করেন না।

চিকিৎসকরা প্রায়শই বিটা থ্যালাসেমিয়া মাইনর-এ আক্রান্ত ব্যক্তির ছোট লাল রক্তকণিকাকে আয়রণের ঘাটতিজনিত রক্তস্বল্পতার লক্ষণ হিসাবে ভুল করেন এবং ভুলভাবে আয়রণের পরিপূরকগুলি লিখে দেন যা রক্তস্বল্পতায় সাহায্য করবে না।


যদি আপনি বিটা থ্যালাসেমিয়া ট্রেইটের জন্য পরীক্ষা করেন এবং একজন ট্রেইট বাহক হিসাবে বিবেচিত হন, তাহলে আপনার সঙ্গীরও বিটা থ্যালাসেমিয়া ট্রেইটের জন্য পরীক্ষা করা উচিত।

..তারপর

সম্ভেদে প্রতিটি গর্ভাবস্থায় 25% সম্ভাবনা থাকে যে তাদের সন্তান দুটি অস্বাভাবিক বিটা গ্লোবিন জিন উত্তরাধিকার সূত্রে পাবে।

এর সবচেয়ে গুরুতর আকারে, এটি বিটা থ্যালাসেমিয়া মেজর বা কুলির রক্তস্বল্পতার (Cooley's anemia) কারণ হতে পারে, একটি গুরুতর রক্তের ব্যাপ্তি যা জীবন-হুমকিপূর্ণ রক্তস্বল্পতার কারণ হয় যার জন্য নিয়মিত রক্ত সঞ্চালন এবং ব্যাপক অব্যাহত চিকিৎসাগত যত্নের প্রয়োজন হয়।

25%
Cooley's anemia



দুটি অস্বাভাবিক বিটা গ্লোবিন জিনের উত্তরাধিকারের ফলে বিটা থ্যালাসেমিয়া ইন্টারমিডিয়া হতে পারে, যা হাড়ের বিকৃতি এবং প্লীহার বৃদ্ধি সহকারে উল্লেখযোগ্য স্বাস্থ্য সমস্যা সহ একটি মাঝারি গুরুতর রক্তস্বল্পতা।



থ্যালাসেমিয়া সম্পর্কে আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে যোগাযোগ করুন: Cooley's Anemia Foundation (212) 279-8090 নম্বরে বা info@thalassemia.org -এই ঠিকানায়। এছাড়াও আপনি আমাদের ওয়েব সাইটে ভিজিট করতে পারেন www.thalassemia.org-এই ঠিকানায়।

যদি আপনি এবং আপনার সঙ্গী উভয়েরই বিটা থ্যালাসেমিয়া ট্রেইট থাকে এবং সন্তান ধারণের পরিকল্পনা করে থাকেন, তাহলে আপনার একজন জিনগত পরামর্শদাতার পরামর্শ নেওয়া উচিত।